নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড (এনপিসিবিএল)
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স
ই-১৩/ডি, আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭, বাংলাদেশ

নং ৩৯.১০.০০০০.১০১.০৪.০০১.২৫- ৮৩৫ তারিখ: ২৭ জুন ২০২৫

# অফিস আদেশ

**বিষয়:** প্যানেলভুক্ত আইনজীবীদের জন্য প্রযোজ্য ফি/সম্মানী'র হার ও নিয়োগের শর্তাদি

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, এনপিসিবিএল-এর যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্যানেলভুক্ত আইনজীবী/দের জন্য প্রযোজ্য ফি/সম্মানীর হার ও শর্তাদি নিম্নরূপে নির্ধারণ করা হলো:

(১) মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশন, শ্রম আপীল ট্রাইবুনাল, ভূমি আপীল, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এবং প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালের মামলার ক্ষেত্রে প্রযোজ্য ফি এবং চার্জসমূহ :

| নং | আইটেমের নাম | পরিমাণ (টাকা) |
|---|---|---|
| ১. | প্রয়োজনীয় কাগজপত্র পর্যালোচনা করে কোম্পানীর পক্ষে রিট পিটিশন/ আপিল/ রেফারেন্স/ রিভিশন/ কোয়াশমেন্ট অ্যাপ্লিকেশন ইত্যাদি দাখিলের ব্যয় ও ফি (ওকালতনামা সহ) | ১০,০০০/- |
| ২. | প্রয়োজনীয় কাগজপত্র পর্যালোচনা করে কোম্পানীর বিপক্ষে দায়ের করা রিট পিটিশন/ আপিল/ রেফারেন্স/ রিভিশন/ কোয়াশমেন্ট অ্যাপ্লিকেশন ইত্যাদির বিরুদ্ধে উপযুক্ত অ্যাফিডেভিট ইন অপোজিশন/ জবাব দাখিলের ব্যয় ও ফি | ৭,৫০০/- |
| ৩. | যেকোন অন্তর্বর্তীকালীন আদেশের জন্য আবেদনপত্র (যেমন নিষেধাজ্ঞার দরখাস্ত, স্থগিতাদেশের দরখাস্ত, অনুরূপ কোন দরখাস্তের বিরুদ্ধে অ্যাফিডেভিট, কাউন্টার অ্যাফিডেভিট, সাপ্লিমেন্টারী অ্যাফিডেভিট, মোশন শুনানী ইত্যাদি) প্রস্তুত করে আদালতে দাখিল পর্যন্ত যাবতীয় কাজের ফি | ৩,০০০/- |
| ৪. | অ্যাডমিশন শুনানির ফি | ৫,০০০/- |
| ৫. | নিয়মিত শুনানির ফি (প্রতিদিনের জন্য) | ৫,০০০/- |
| ৬. | চূড়ান্ত শুনানির ফি (প্রতিদিনের জন্য) | ৫,০০০/- |
| ৭. | কজলিস্টে মামলার শুনানির সম্ভাব্য পর্যায় থেকে শুনানি অনুষ্ঠিত না হলে পর্যবেক্ষণ/ হাজিরা বাবদ প্রতি দিনের ফি (কজলিস্টে থাকা সাপেক্ষে সর্বোচ্চ ১৫ টি বিল পরিশোধযোগ্য) | ২,০০০/- |
| ৮. | মামলার রায় বা কোর্টের সার্টিফাইড কপি উত্তোলনের ব্যয় ও ফি | ২,০০০/- |
| ৯. | কোম্পানীর পক্ষে পাওয়ার/ ক্যাভিয়েট দাখিলের ফি | ৩,০০০/- |
| ১০. | অ্যাডভোকেট-অন-রেকর্ড-এর সহায়তায় পেপারবুক প্রস্তুতের ফি | ৭,৫০০/- |
| ১১. | শুনানী ব্যতীত অন্য কোন বিষয়ে আদালতে হাজিরার ফি (কজলিস্টে থাকা সাপেক্ষে সর্বোচ্চ ১০ দিন) | ২,০০০/- |
| ১২. | শুনানীকালে অ্যাডভোকেট-অন-রেকর্ড এর সাথে আদালতে উপস্থিত থেকে সহায়তা প্রদানের ফি (সর্বোচ্চ ১০ দিন) | ৩,০০০/- |
| ১৩. | জুনিয়র আইনজীবী/ অ্যাডভোকেট ক্লার্ক ফি (আইটেম নং ১ থেকে ১২ পর্যন্ত) | ১,০০০/- |
| ১৪. | সিনিয়র আইনজীবীর ফি | আলোচনা সাপেক্ষে |
| ১৫. | মামলার আর্জি, দরখাস্ত ইত্যাদি টাইপিং ও মামলা সংশ্লিষ্ট কাগজপত্র ফটোকপি ব্যয় | ৩,০০০/- |

(২) মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের মামলার ক্ষেত্রে প্রযোজ্য ফি এবং চার্জসমূহ :

| নং | আইটেমের নাম | পরিমাণ (টাকা) |
|---|---|---|
| ১. | লিভ টু আপিল অ্যাপ্লিকেশন দাখিলের ফি (অ্যাপ্লিকেশনের কপি সরবরাহ করতে হবে) | ১০,০০০/- |
| ২. | লিভ টু আপিল অ্যাপ্লিকেশনের উপর শুনানির ফি (উপযুক্ত প্রমাণ পেশ করতে হবে) | ৫,০০০/- |
| ৩. | লিভ মঞ্জুর পরবর্তী অ্যাডভোকেট-অন-রেকর্ড কর্তৃক চূড়ান্ত পেপারবুক প্রস্তুত করার ফি ও যাবতীয় ব্যয় | ৮,০০০/- |
| ৪. | কজলিস্টে মামলার শুনানির সম্ভাব্য পর্যায়ে থাকা সত্ত্বেও শুনানি অনুষ্ঠিত না হলে পর্যবেক্ষণ বাবদ প্রতি দিনের ফি (কজলিস্টে থাকা সাপেক্ষে সর্বোচ্চ ১৫ টি বিল পরিশোধযোগ্য) | ১,০০০/- |
| ৫. | ফুল বেঞ্চ বা পার্শিয়াল বেঞ্চে শুনানি করার ফি (প্রতি দিনের জন্য) | ৭,০০০/- |
| ৬. | মামলার রায় বা কোর্টের সার্টিফাইড কপি উত্তোলনের ব্যয় ও ফি | ৩,০০০/- |

Nuclear Power Plant Company Bangladesh Limited (NPCBL)

(৩) নিম্ন আদালত (মহামান্য সুপ্রীম কোর্ট ব্যতীত অন্যান্য যে-কোন আদালত)-এর মামলার ক্ষেত্রে প্রযোজ্য ফি ও চার্জসমূহ :

| নং | আইটেমের নাম | পরিমাণ (টাকা) |
|---|---|---|
| ১. | প্রয়োজনীয় কাগজপত্র পর্যালোচনা করে কোম্পানীর পক্ষে আরজি দাখিল বা কোম্পানীর বিপক্ষে দাখিলকৃত আরজির জবাব দাখিলের যাবতীয় ব্যয় ও ফি (ওকালতনামাসহ) | ৫,০০০/- |
| ২. | যে-কোন অন্তর্বর্তীকালীন আদেশের জন্য আবেদনপত্র (যেমন নিষেধাজ্ঞার দরখাস্ত, স্থগিতাদেশের দরখাস্ত, অনুরূপ কোন দরখাস্তের বিরুদ্ধে অ্যাফিডেভিট, কাউন্টার এফিডেভিট, সাপ্লিমেন্টারী এফিডেভিট ইত্যাদি) প্রস্তুত করে আদালতে দাখিল পর্যন্ত যাবতীয় বিল | ২,০০০/- |
| ৩. | মামলার সাক্ষ্য গ্রহণ/জেরা করার ফি (প্রতিদিনের জন্য) | ১,৫০০/- |
| ৪. | চূড়ান্ত শুনানি/ যুক্তিতর্ক উপস্থাপন করার ফি | ২,০০০/- |
| ৫. | মামলার রায় বা কোর্টের আদেশের সার্টিফাইড কপি উত্তোলন করার ব্যয় ও ফিস | ১,৫০০/- |
| ৬. | জবাব দাখিলের পর সাপ্লিমেন্টারী এফিডেভিট প্রস্তুত করে আদালতে দাখিল করার ফি | ১,০০০/- |
| ৭. | টাকা আদায়ের মামলা (মানি স্যুট) ব্যতিত অন্য যে-কোন মামলা, আপিল মামলা বা মিস কেস দায়েরের লক্ষ্যে আর্জি প্রণয়নসহ মামলা দায়েরের ব্যয়, জবাব প্রস্তুত ও দাখিল, নিষেধাজ্ঞার দরখাস্ত, নিষেধাজ্ঞার বিরুদ্ধে আপত্তি প্রস্তুতকরণের ফি | ১,৫০০/- |
| ৮. | অ্যাডভোকেট কমিশনের দায়িত্ব পালনের ব্যয়/ফি | ১,৫০০/- |
| ৯. | মোকদ্দমার শুনানীর ধার্য তারিখে শুনানী না হলে পর্যবেক্ষণ/হাজিরা বাবদ প্রতি দিনের ফি (সর্বোচ্চ ১০ দিন) | ১,০০০/- |
| ১০. | জুনিয়র আইনজীবী/ অ্যাডভোকেট ক্লার্ক ফি (আইটেম নং ১ থেকে ৯ পর্যন্ত) | ১,০০০/- |
| ১১. | শুনানীর দিন ব্যতিত অন্যান্য তদবির, দরখাস্ত পেশ, আদালতে হাজির হয়ে ওকালতনামা দাখিল ও দরখাস্ত শুনানী বা দরখাস্তের বিরোধিতা করার জন্য ফি | ৫০০/- |
| ১২. | সিনিয়র আইনজীবীর ফি (প্রযোজ্য ক্ষেত্রে) | আলোচনা সাপেক্ষে |
| ১৩. | মামলার আর্জি, দরখাস্ত ইত্যাদি টাইপিং ও মামলা সংশ্লিষ্ট কাগজপত্র ফটোকপি ব্যয় | ২,০০০/- |
| ১৪. | ওকালতনামা, কোর্ট ফি, টাইপিং চার্জ ও অন্যান্য মামলা সংক্রান্ত নির্ধারিত সরকারী ফি | প্রকৃত ব্যয় |
| ১৫. | আদালতের আদেশ রায় ও ডিক্রী, সহিমুহুরী নকল গ্রহণের খরচ (আদেশ, রায় ও ডিক্রীর উপর নির্ভর করবে) | প্রকৃত ব্যয় |
| ১৬. | অন্যান্য কোন তদ্‌বির বা পদক্ষেপ বাবদ ফি (যা এ তালিকায় উল্লেখ নেই) | ৫০০/- |

(৪) অন্যান্য আইনি কার্যক্রম/সেবার ফি ও চার্জসমূহ :

| নং | আইটেমের নাম | পরিমাণ (টাকা) |
|---|---|---|
| ১. | লিগ্যাল নোটিশ প্রস্তুত/ জবাব প্রস্তুত ও জারী বাবদ সর্বসাকুল্যে মোট ফি (তালিকাভুক্ত আইনজীবীর ক্ষেত্রে) | ৩,০০০/- |
| ২. | লিগ্যাল নোটিশ প্রস্তুত/ জবাব প্রস্তুত ও জারী বাবদ সর্বসাকুল্যে মোট ফি (তালিকাভুক্ত আইনজীবী না হলে) | আলোচনা সাপেক্ষে |
| ৩. | আইনী মতামত প্রদান/আইনগত বিজ্ঞপ্তি বা খসড়া প্রণয়ন | ৫,০০০/- (সর্বোচ্চ) |
| ৪. | Memorandum of Understanding (MoU)/ চুক্তিপত্রের খসড়া/ চুক্তিপত্রের পুনঃ খসড়া প্রণয়ন/ ভেটিং (তালিকাভুক্ত আইনজীবীর ক্ষেত্রে) | ৫,০০০/- |
| ৫. | আইনজীবী কর্তৃক কোম্পানীর বোর্ড সভায় অংশগ্রহণ ফি | ৩,০০০/- |
| ৬. | মামলাসংশ্লিষ্ট বিষয়ে প্যানেল বহির্ভূত সিনিয়র আইনজীবীর সাথে পরামর্শ গ্রহণের জন্য আইনজীবীর ফি | আলোচনা সাপেক্ষে |
| ৭. | প্যানেলবহির্ভূত সিনিয়র আইনজীবীর সাথে পরামর্শ গ্রহণের জন্য আইনজীবীর ফি | আলোচনা সাপেক্ষে |
| ৮. | প্যানেলবহির্ভূত বা বিশেষ আইনজীবী নিয়োগের মাধ্যমে মামলা পরিচালনার লক্ষ্যে আইনজীবী ফি | প্রকৃত ব্যয় |
| ৯. | আদালত হতে প্রেরিত নোটিশের সাথে মোকদ্দমার আরজিসহ অন্যান্য কাগজপত্র না পাওয়া গেলে তা সংগ্রহের ব্যয় | প্রকৃত ব্যয় |
| ১০. | মামলার নম্বর খোঁজা বা তাতে এনপিসিবিএলের সংশ্লিষ্টতা আছে কি না ইত্যাদি তথ্য জানার জন্য নকলখানায় তল্লাশি প্রদানের খরচ | প্রকৃত ব্যয় |
| ১১. | এনপিসিবিএল বাদী হয়ে মামলা দায়েরের পর সংশ্লিষ্ট আদালত থেকে বিবাদীগণের প্রতি তলবনামা জারির ব্যয় : | |
| | আপীল বিভাগ | ২০০/- |
| | হাইকোর্ট বিভাগ | ২০০/- |
| | জেলা আদালত সহ অন্যান্য নিম্ন আদালত | ১০০/- |

| নং | আইটেমের নাম | পরিমাণ (টাকা) |
|---|---|---|
| ১২. | রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস-এর দপ্তরে রিটার্ন দাখিল সহ যাবতীয় কাজ | আলোচনা সাপেক্ষে |

(৫) এনপিসিবিএল-এর প্যানেল আইনজীবী নিয়োগের শর্তাদি:

(ক) আইনজীবী প্যানেলভুক্তির মেয়াদ হবে ২ (দুই) বছর; মেয়াদ শেষে সংশ্লিষ্ট আইনজীবীর পারফরম্যান্স ও কোম্পানীর আবশ্যকতা বিবেচনায় মেয়াদ বৃদ্ধি করা হতে পারে।

(খ) প্যানেলভুক্ত কোন আইনজীবীর অধীনে কোন মামলা বিচারাধীন থাকলে প্রতি মাসে মামলার অগ্রগতি সম্পর্কিত প্রতিবেদন প্রতি মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে এনপিসিবিএলের ব্যবস্থাপনা পরিচালক বরাবর দাখিল করতে হবে।

(গ) কোন মামলা/ আবেদন/ আপিল/ লিভ টু আপিল দায়েরের তারিখ সম্পর্কে এনপিসিবিএলের সংশ্লিষ্ট কর্মকর্তাকে অবহিত রাখতে হবে যাতে সংশ্লিষ্ট দিনে উক্ত কর্মকর্তা প্রয়োজন সাপেক্ষে কোর্টে উপস্থিত থাকতে পারেন।

(ঘ) বিশেষ ক্ষেত্রে সংগত কারণে প্যানেল আইনজীবীর মতামতসহ এনপিসিবিএলের অনুমোদনক্রমে প্যানেলভুক্ত নয় এমন আইনজীবীর মতামত গ্রহণ করা যাবে; এক্ষেত্রে আলোচনাক্রমে সম্মানীর পরিমাণ নির্ধারণ করা হবে।

(ঙ) মামলার গুরুত্ব অনুযায়ী প্যানেলভুক্ত আইনজীবী(গণ) এটর্নি জেনারেল/ ডেপুটি এটর্নি জেনারেল/ সিনিয়র আইনজীবীর সহায়তা এনপিসিবিএলের সাথে আলোচনা সাপেক্ষে নিতে পারেন; তবে, সেক্ষেত্রে সিনিয়র আইনজীবীর নামে আলাদা বিল দাখিল করতে হবে এবং তার নামে বিল পরিশোধ করা হবে।

(চ) সালিশী মামলার ক্ষেত্রে সালিশকারীর সাথে কেইস বাই কেইস ভিত্তিতে আলোচনার মাধ্যমে ফি নির্ধারণ করা হবে।

(ছ) মামলা সংক্রান্ত যেকোন বিলের সাথে অবশ্যই সংশ্লিষ্ট আদালতের বেঞ্চ অফিসার/ অ্যাসিস্ট্যান্ট/ পেশকার কর্তৃক প্রত্যায়িত প্রমাণাদি সংযুক্ত করতে হবে; শুনানীর জন্য নির্ধারিত দিন শুনানী অনুষ্ঠিত না হলে কেবল হাজিরার ফি প্রদান করা হবে; একইভাবে, সাক্ষ্য গ্রহণ বা জেরা করার তারিখে সাক্ষ্য গ্রহণ বা জেরা অনুষ্ঠিত না হলে শুধুমাত্র হাজিরার ফি প্রযোজ্য হবে।

(জ) সরকার নির্ধারিত সকল প্রকার ভ্যাট/ট্যাক্স কর্তনপূর্বক প্যানেল আইনজীবীদের বিল প্রদান করা হবে; প্যানেলভুক্ত কোন আইনজীবী এনপিসিবিএলের নির্ধারিত ফি অপেক্ষা কম ফি নিয়ে কোন কাজ করতে আগ্রহী হলে তা গ্রহণযোগ্য বিবেচিত হবে।

(ঝ) মামলার সহিত সরকারের নির্ধারিত ফি, ওকালতনামা ও কোর্ট ফি, জুডিশিয়াল স্ট্যাম্প ও স্ট্যাম্প ক্রয়, সিকিউরিটি মানি জমাদানের প্রকৃত ব্যয়ের বিল প্রদান করা হবে; তবে এই বাবদ হিসাব/ ভাউচার/ রসিদ প্রদান করতে হবে; এনপিসিবিএলের সাথে আলোচনাক্রমে মামলা পরিচালনার সামগ্রিক খরচ বাবদ পরবর্তীতে সমন্বয়ের শর্তে আংশিক ফি অগ্রিম দেয়া যেতে পারে।

(ঞ) চূড়ান্ত বিল প্রদানের ক্ষেত্রে রায়/ শেষ আদেশ এর সহিমুহুরী নকল/ সার্টিফাইড কপি দাখিল করতে হবে।

(ট) ফি/সম্মানীর হারের তালিকায় উল্লেখ নেই এমন কোন আইনগত সেবার ফি/সম্মানী নেগোশিয়েশনের মাধ্যমে নির্ধারণ করা হবে।

(ঠ) এনপিসিবিএল কর্তৃপক্ষ সময়ে সময়ে ফি/সম্মানীর হার ও শর্তাদি পরিবর্তন করতে পারবে।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো।

২৯/০৫/২০২৫

(সৈয়দ আবু তাহের)
ব্যবস্থাপক (প্রশাসন)

অনুলিপিঃ

০১. ব্যবস্থাপনা পরিচালক, এনপিসিবিএল;
০২. কোম্পানী সচিব, এনপিসিবিএল;
০৩. অর্থ ও হিসাব বিভাগ, এনপিসিবিএল;
০৪. অফিস কপি;

Nuclear Power Plant Company Bangladesh Limited (NPCBL)